# সাবেক ওসি রাকিবুলকে ৫ দিনের রিমান্ডে পাঠালেন আদালত



ক্যান্টনমেন্ট থানার সাবেক ওসি মো. রাকিবুল হাসান। ছবি: সংগৃহীত

ক্যান্টনমেন্ট থানার সাবেক ওসি মো. রাকিবুল হাসানকে পাঁচ দিনের রিমান্ডে নেওয়ার অনুমতি দিয়েছেন আদালত। সামাজিক যোগাযোগমাধ্যমে রাষ্ট্রবিরোধী ও উসকানিমূলক বক্তব্য ছড়িয়ে দেওয়ার অভিযোগে করা মামলায় তাকে এই রিমান্ড দেওয়া হয়।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) রাতে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট দিদারুল আলমের আদালতে রিমান্ড শুনানি হয়। পরে আদালত পাঁচ দিনের রিমান্ডের আদেশ দেন। শুনানিতে রাকিবুলের আইনজীবী উপস্থিত থাকলেও রাষ্ট্রপক্ষের কোনো আইনজীবী ছিলেন না।

রাকিবুল হাসানকে এর আগে ১৭ সেপ্টেম্বর সকালে প্রশাসনিক কারণে ওএসডি করা হয়েছিল। ডিএমপি কমিশনারের কার্যালয়ের আদেশে তাকে সদর দপ্তর ও প্রশাসন বিভাগের কেন্দ্রীয় সংরক্ষণ দপ্তরে সংযুক্ত করা হয়।

সেদিন রাতেই তাকে জিজ্ঞাসাবাদের জন্য নিজেদের হেফাজতে নেয় ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। পরবর্তী সময়ে রাষ্ট্রবিরোধী ও উসকানিমূলক বক্তব্য ছড়ানোর অভিযোগের মামলায় তাকে গ্রেপ্তার দেখানো হয়।

LENS ASIA